# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**24 MARCH 2025** **7:45—7:55 PM IST**

==========================================================

আজকের বিশেষ বিশেষ খবর হলো

(১) আসাম বিধানসভায় বিধায়ক মনোরঞ্জন তালুকদারের বিতর্কিত অডিও বার্তা সম্পর্কে তদন্ত দাবি/ দুর্নীতির বিরুদ্ধে সরকারের অভিযানের বিষয়ে মুখ্যমন্ত্রীর সভায় বিবৃতি প্রদান/

(২) রাজ্যের বিভিন্ন স্থানে আজ বিশ্ব যক্ষ্মা দিবস উপলক্ষে সচেতনতা মূলক কার্যসূচী/ বরাক উপত্যকার তিন জেলায় এই দিবসে বিভিন্ন কার্যসূচী পালন/

(৩) কালাইনের কাছে পেঁচা ছড়ায় গতরাত্রে সংঘটিত এক ডাকাতির ঘটনায় দুজন গুরুতরভাবে আহত/নগদ অর্থ এবং স্বর্ণালঙ্কার লুট/

এবং

(৪) বিকশিত ভারত যুব সংসদ কার্যসূচীতে বরাক উপত্যকার তিন জেলার ২১৫ জন যুবক-যুবতীর অংশগ্রহণ/

---------------------------------------------------------------------------------

আসাম বিধানসভায় আজ বিজেপির মানব ডেকা সি পি আই এমের বিধায়ক মনোরঞ্জন তালুকদারের রাজ্যে চলা দুর্নীতি ,সিন্ডিকেট এবং রেট হোল মাইনিং সম্পর্কে গত ৫ মার্চ উত্থাপিত প্রশ্ন এবং পরবর্তীতে সামাজিক মাধ্যমে ভাইরাল একটি অডিও বার্তা বিধায়ক তালুকদারের বলে উত্থাপিত অভিযোগের প্রসঙ্গ নিয়ে আলোচনা করেন । বিধায়ক মানব ডেকা এই অডিও বার্তা সম্পর্কে তদন্ত করার দাবী জানান । বিধায়ক

মনোরঞ্জন তালুকদার অডিও বার্তার সত্যতা নিরুপণের জন্য প্রয়োজন সাপেক্ষে আদালতের দ্বারস্থ হবেন বলে জানান । বিষয়টিতে হস্তক্ষেপ করে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে তাঁর কার্যকালে ২৪ জন প্রথম শ্রেনীর শীর্ষ পর্যায়ের আধিকারিক ,৮০ জন দ্বিতীয় শ্রেণীর আধিকারিক সহ মোট ৩৪৯ জন সরকারী আধিকারিককে দূর্নীতির মামলায় গ্রেপ্তার করা হয়েছে । রেট হোল মাইনিং সম্পর্কে মূখ্যমন্ত্রী বলেন যে পূর্বের কংগ্রেস সরকারের আমলে কয়লার মামলায় একজন লোককেও গ্রেপ্তার করা হয়নি । বিজেপি সরকার তিন লক্ষ মেট্রিক টনেরও অধিক কয়লা জব্দ করা সহ ২২৮ জন লোককে গ্রেপ্তার করেছে । রাজ্য সরকারের মাদক দ্রব্য বিরোধী অভিযানের কথা উল্লেখ করে মূখ্যমন্ত্রী ড.শর্মা বলেন যে ২০১১ থেকে ২০১৫ সাল পর্যন্ত রাজ্যে ৪০০ কোটি টাকা মূল্যের মাদক দ্রব্য জব্দ করা হয়েছিলো । এদিকে ২০২১ থেকে এপর্যন্ত ২ হাজার ৬০০ কোটি টাকা মূল্যের মাদক দ্রব্য জব্দ করা হয়েছে এবং এর সঙ্গে জড়িত ১৯ হাজার লোককে আটক করা হয়েছে বলেও মূখ্যমন্ত্রী জানান ।

বরাক উপত্যকার তিন জেলায় আজ বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে দিয়ে বিশ্ব যক্ষা দিবস পালন করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------

উপাধ্যক্ষ নোমল মোমিন আজ বিধানসভায় প্রবেশ করার সময় কংগ্রেসের বিধায়ক নুরুল হুদা উপাধ্যক্ষকে শারিরীকভাবে অপদস্থ করেছেন বলে বেশকয়েকজন বিধায়ক বিধানসভায় অভিযোগ উত্থাপন করেন। এই পরিস্থিতিতে সভায় হৈ-হট্টগোল সৃষ্টি হয় । এর পরিপ্রেক্ষিতে অধ্যক্ষ বিশ্বজিৎ দৈমারী সভার কাজকর্ম ১০ মিনিটের জন্য স্থগিত রাখেন । বিরোধী দলপতি দেবব্রত শইকিয়া এবং আরো কয়েকজন কংগ্রেস বিধায়ক অভিযোগের সত্যতা বিচার করার জন্য বিধানসভা প্রাঙ্গণের সি সি টিভি ফুটেজ পরীক্ষা করতে অধ্যক্ষকে অনুরোধ জানান । এদিকে বিধানসভায় গত শুক্রবার বিধায়ক রূপজ্যোতি কুর্মীর অশোভন আচরণের প্রতিবাদে কংগ্রেস দলের বিধায়করা কালো পোষাক পরে বিধানসভায় প্রতিবাদ জানান । সভায় বিষয়টি সম্পর্কে মন্তব্য করে মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা বলেন যে ওইদিন তিনি সভায় উপস্থিত না থাকার জন্যই এই ঘটনা ঘটেছে । রূপজ্যোতি কুর্মীকে সংযত হতে তিনি পুনরায় আহ্বান জানান এবং বিষয়টি এখানেই শেষকরতেবিরোধী দলপতি দেবব্রত শইকিয়াকে আহ্বান জানান ।

---------------------------------------------------------------------------------

আজ বিশ্ব যক্ষা দিবস । এই দিবসের সঙ্গে সঙ্গতি রেখে কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা বলেন যে দেশের সব নাগরিক একসঙ্গে কাজ করে যক্ষামুক্ত ভারত গড়তে সক্ষম হবে । মন্ত্রী যক্ষা দূরীকরনের পদক্ষেপ গ্রহণের মাধ্যমে দেশের

জনসাধারণের স্বাস্থ্য উন্নত করার জন্য কাজ করে থাকা লোকেদেরও খোঁজ নেন । সামাজিক মাধ্যমে এক বার্তায় এই রোগ নির্মূলের জন্য সরকার গৃহীত পদক্ষেপ সমূহের কথাও তিনি জানান । যক্ষা রোগে আক্রান্ত রোগীদের জাতীয় যক্ষা নির্মূল কার্যসূচীর অধীনে সরকার থেকে পূর্বে লাভ করা মাসিক ৫০০ টাকা আর্থিক সাহায্যের পরিমাণ বৃদ্ধি করে প্রতিমাসে ১০০০ টাকা করা হয়েছে বলেও স্বাস্থ্যমন্ত্রী শ্রী নাড্ডা বার্তায় উল্লেখ করেন ।
রাজ্যের বিভিন্ন স্থানেও আজ বিশ্ব যক্ষা দিবস উপলক্ষ্যে সচেতনতামূলক কার্যসূচীর আয়োজন করা হয় ।

---

কাছাড় জেলা স্বাস্থ্য সমিতি এবং শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের যৌথ উদ্যোগে আজ শিলচর মেডিকেল কলেজ ও হাসপাতালের এলুমনি প্রেক্ষাগৃহে বিশ্ব যক্ষা দিবস পালন করা হয়েছে । কলেজ অধ্যক্ষ ডক্টর ভাষ্কর গুপ্তের পৌরহিত্যে আয়োজিত আলোচনা সভায় যক্ষা প্রতিরোধের বিভিন্ন বিষয় নিয়ে মূখ্য বক্তা ডক্টর আর্য কমল দাস এবং জেলা যক্ষা নোডাল আধিকারীক ডক্টর রত্না চক্রবর্তী প্রাসঙ্গিক বক্তব্য রাখেন ।

---

এদিকে হাইলাকান্দি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগেও আজ বিশ্ব যক্ষা দিবস পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে জেলার যুগ্ম স্বাস্থ্য সঞ্চালক ডক্টর অলকানন্দা নাথের পৌরহিত্যে জাতীয় স্বাস্থ্য মিশনের সম্মেলন কক্ষে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে ।

---

শ্রীভূমি জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে আজ বিশ্ব যক্ষা দিবস উপলক্ষ্যে আজ একটি সচেতনতামূলক র‍্যালির আয়োজন করা হয়েছে । জেলার যুগ্ম-স্বাস্থ্য সঞ্চালক ডক্টর সুমনা নাইডিং পতাকা নেড়ে এই র‍্যালির সূচনা করেন । পরে করিমগঞ্জ সিভিল হাসপাতালে আয়োজিত এক আলোচনা সভায় বক্তব্য রাখতে গিয়ে যুগ্ম-সঞ্চালক ডক্টর নাইডিং প্রাথমিক পর্যায়ে যক্ষা সনাক্তকরন এবং চিকিৎসা সম্পন্ন করার উপর গুরুত্ব আরোপ করেন । তিনি স্বাস্থ্য কর্মীদের যক্ষার লক্ষণযুক্ত রোগীদের চিহ্নিত করা এবং যথাযথভাবে চিকিৎসা নিশ্চিত করার আহ্বান জানান । আজকের সচেতনতা সভায় ডক্টর লিপি দেব , ডক্টর জামাল আহমেদ চৌধুরী প্রমুখ বক্তব্য রাখেন ।
উল্লেখ্য এবারের বিশ্ব যক্ষা দিবসের ভাবনা হচ্ছে- ‘হ্যাঁ আমরা যক্ষা নির্মূল করতে পারি’ ।

---

উত্তর-পূর্ব সীমান্ত রেল ত্রিপুরার আগরতলার কাছে নিশ্চিন্তপুর টার্মিনালে প্রথমবারের মতো পণ্যবাহী ট্রেন পৌঁছনোর ক্ষেত্রে সফল হয়েছে । রেলের শীর্ষ আধিকারিকরা সফলভাবে যৌথ পরিদর্শন সম্পন্ন করেন এবং এরপর আগরতলা-নিশ্চিন্তপুর সেকশনকে পণ্যবাহী ট্রেন চলাচলের জন্য উত্তর-পূর্ব সীমান্ত রেলের জেনারেল ম্যানেজার চেতন কুমার শ্রীবাস্তব অনুমতি দেন । পণ্যবাহী ট্রেনের জন্য এই টার্মিনাল খুলে যাবার ফলে লামডিং ডিভিশনের জিরানিয়া ও অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে অবস্থিত পণ্যের শেডগুলিতে এতদিন ধরে চলা চাপের বোঝা হ্রাস পাবে বলে সীমান্ত রেলের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

কাছাড় জেলার কালাইন বাজার সংলগ্ন পেঁচাছড়া অঞ্চলে গত রাত্রে এক দু:সাহসিক ডাকাতির ঘটনা সংগঠিত হয় । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে প্রায় ১০ জনের একটি ডাকাত দল অস্ত্রশস্ত্র নিয়ে এক ব্যাক্তির বাড়িতে হামলা চালায় । এবং নগদ অর্থ সহ স্বর্নালঙ্কার লুট করে যায় । এই ঘটনায় দুজন গুরুতরভাবে আহত হয়েছেন । পরে ডাকাতের দলটি শূন্যে গুলি চালিয়ে পালিয়ে যায় । এপর্যন্ত কাউকে আটক করা সম্ভব হয়নি বলে জানা গেছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় ক্রীড়া ও যুববিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন নেহরু যুব কেন্দ্রের উদ্যোগে বরাক উপত্যকার যুবক-যুবতীদের জন্য দু দিনের বিকশিত ভারত যুব সংসদ কার্যসূচী আজ শিলচরে শেষ হয়েছে । কাছাড় জেলার বড়যাত্রাপুরের পশ্চিম শিলচর কলেজে আয়োজিত এই কার্যসূচীতে কাছাড় , শ্রীভূমি ও হাইলাকান্দি জেলা থেকে মোট ২১৫ জন যুবক-যুবতী অংশগ্রহণ করেন । জেলা পর্যায়ের আয়োজিত এধরণের যুব সংসদ থেকে ১০ জন অংশগ্রহণকারী রাজ্য পর্যায়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের সুযোগ পাবে । আজকের সমাপ্তি অনুষ্ঠানে পশ্চিম শিলচর কলেজের অধ্যক্ষ তাজ উদ্দিন খান , নেহরু যুব কেন্দ্রের উপ-সঞ্চালক মেহবুব আলম লস্কর , আসাম বিশ্ববিদ্যালয়ের এন এস এস কোষের প্রোগ্রাম সমন্বয়ক এম গঙ্গাভূষণ প্রমুখ উপস্থিত ছিলেন ।
দু দিনের এই কার্যসূচী সর্ম্পকে আমাদের সংবাদদাতার সঙ্গে কথা বলতে গিয়ে
অধ্যাপক গঙ্গাভূষণ বলেন ----

বাইট
---------

নেহরু যুব কেন্দ্রের মেহবুব আলম লস্কর জানান যে -----

বাইট

----------

---

গৌহাটি হাইকোর্ট পাথারকান্দির পরীক্ষাকেন্দ্রে সংঘটিত অনিয়মের মামলায় গ্রেপ্তার হওয়া ইউ এস টি এম'এর সত্বাধিকারী মহবুবুল হকের জামিন মঞ্জুর করেছে । শোণিতপুর জেলার ঢেকিয়াজুলি থানায় দায়ের হওয়া মামলার ভিত্তিতে হাইকোর্টের বিচারপতি মিতালী ঠাকুরিয়ার বিচারপীঠ অভিযুক্ত হকের জামিন শর্তসাপেক্ষে মঞ্জুর করেছে । আদালত অভিযুক্ত হককে তদন্তে সম্পূর্ণ সহযোগিতা করা সহ ডাকা মাত্রই তদন্তকারী সংস্থার সামনে হাজির হতে হবে বলে শর্ত দিয়েছে । উল্লেখ্য- পরীক্ষা কেন্দ্রে অনিয়মের অভিযোগে মহবুবুল হকের বিরুদ্ধে প্রথমে পাথারকান্দি থানায় দুটি মামলা দায়ের করা হয়েছে। এরপর তার বিরুদ্ধে বড়পেটা, কোকরাঝাড়, গোঁসাইগাও এবং ঢেকিয়াজুলি থানায় মামলা দায়ের করা হয় । সম্প্রতি ঢেকিয়াজুলি থানার মামলায় গ্রেপ্তার করে তাকে কারাবন্দী করে রাখা হয়েছিল ।

---

লায়ন্স ক্লাব অব শিলচর সেন্ট্রালের উদ্যোগে এবং দেওয়ান চা বাগান কর্তৃপক্ষের সহযোগিতায় আগামী বুধবার লাবক চা বাগানের সেন্ট্রাল হাসপাতালে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে । এই শিবিরে সংশ্লিষ্ট এলাকার চক্ষু রোগীদের উপস্থিত থাকতে বলা হয়েছে ।

---

টি এ্যাসোসিয়েশন অব ইন্ডিয়ার বরাক উপত্যকা শাখার পঞ্চাশ তম বার্ষিক সাধারণ সভা আগামী ২৮শে মার্চ- শুক্রবার, শিলচরের কাছাড় ক্লাবে অনুষ্ঠিত হবে । ঐদিন বিকেল সাড়ে পাঁচটায় এই সভা শুরু হবে ।

---